41

দৈনিক বাংলা

তারিখ 01 JAN 1996
পৃষ্ঠা ৪ কলাম ৫

# শিক্ষক সমিতির ১২-দফা দাবী মানার আহবান

স্টাফ রিপোর্টার : বাংলাদেশ শিক্ষক সমিতি (কামরুজ্জামান) বেসরকারী মাধ্যমিক স্কুলের জন্য সরকার ঘোষিত স্টাফিং প্যাটার্ন ও নতুন শিক্ষক নিয়োগের ব্যাপারে আরোপিত যোগ্যতা সম্পর্কিত শর্ত বাতিলসহ সমিতির ১২ দফা দাবী আগামী জানুয়ারীর মধ্যে পূরণের পদক্ষেপ গ্রহণ করার আহবান জানিয়েছে।

রোববার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে সমিতির নেতৃবৃন্দ এ আহবান জানান। সাংবাদিক সম্মেলনে ১২-দফা দাবী ব্যাখ্যা করে বক্তব্য রাখেন সমিতির সভাপতি কামরুজ্জামান। সাংবাদিক সম্মেলনে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন সমিতির সহসভাপতি মিসেস হেনা দাস, শাহ আবদুর রাজ্জাক, সাধারণ সম্পাদক চৌধুরী খুরশীদ আলম, আওয়াল সিদ্দিকী, হাসিনা পারভীন, আলাউদ্দিন ভূঁইয়া প্রমুখ। সমিতির ১২-দফা দাবীর অন্যান্য দাবী হচ্ছে শিক্ষাদানের জন্য প্রয়োজনীয় সব বিষয়ের ন্যূনতম সংখ্যক শিক্ষক রাখার বিধান করা, যতদিন শিক্ষা কারিকুলামের অন্তর্ভুক্ত থাকবে ততদিন ইসলাম ধর্মের মত সব ধর্মের শিক্ষক রাখার ব্যবস্থা করা, সংস্কৃতি ও পালি ভাষার পন্ডিতদের বেতন স্কেল ঘোষণা করা, একটি শ্রেণী বা সেকশনে সর্বনিম্ন ছাত্রসংখ্যা পূর্বের ন্যায় ঠিক রাখা প্রভৃতি। এ ছাড়া শিক্ষা জাতীয়করণ কর্মসূচী বাস্তবায়িত না হওয়া পর্যন্ত শিক্ষক-কর্মচারীদের বেতনের সরকারী অংশ শতকরা ৮০ ভাগ থেকে শতকরা ১০০ ভাগে উন্নীত করা, প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষককে গত ১৯৯৪ সালের জুলাই থেকে সরকারী স্কুলের প্রধানশিক্ষক ও সহকারী প্রধানের টাইম স্কেল অনুযায়ী সমপরিমাণ উচ্চতর বেতন স্কেল প্রদান এবং তাদের সিলেকশন গ্রেডের সুবিধা মঞ্জুর করা প্রভৃতি দাবীও ১২-দফায় রয়েছে। যদি ১৫ জানুয়ারীর মধ্যে এ ব্যাপারে সরকার কোন পদক্ষেপ গ্রহণ না করেন তাহলে আগামী ১৯ জানুয়ারী সংগঠনের কেন্দ্রীয় নির্বাহী পরিষদ আন্দোলনের কর্মসূচী গ্রহণ করতে বাধ্য হবে।